দৈনিক ইত্তেফাক

তারিখ 08 APR 1989
পৃষ্ঠা ... কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক স্কুলগুলিকে জাতীয়করণ করার আহবান

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শুক্রবার) বাংলাদেশ সাক্ষরতা সমিতির নেতৃবৃন্দ জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলেন, সমিতি দেশে বাংলা ভাষা

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

### প্রাথমিক বিদ্যালয়গুলিকে

(১ম পৃ: পর)

শিক্ষা আন্দোলন শুরু করিয়াছে। সমিতির সভাপতি অধ্যাপক মো: ওসমান গনি, বলেন, ১৯৯০ সন হইতে ১৯৯৪ সনের মধ্যে অবৈতনিক ' বাধ্যতামূলক সার্বজনীন প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নে সরকারকে সক্রিয়ভাবে সাহায্য করাই বাংলা ভাষা শিক্ষা আন্দোলনের মুখ্য কাজ। তিনি দুই হাজার সালের মধ্যে সকলের জন্য শিক্ষা'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ১৯৯০ সাল নাগাদ দেশের ৬,৮৬৪টি রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক স্কুলকে জাতীয়করণ করার আহ্বান জানান। তিনি বলেন, মাতৃভাষায় লিখিতে ও পড়িতে এক বৎসরের বেশী সময় লাগে না। আর মাতৃভাষায় লিখিতে পড়িতে এবং ব্যবহারিক শিক্ষা অর্জনে সর্বোচ্চ তিন বৎসর সময় লাগে। আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা সম্পন্ন করিতে দেশ ভেদে ৫ হইতে ৮ বৎসর সময় লাগে। অথচ বিগত ৪০ বৎসরেও বাংলাদেশে শতকরা ৮০ ভাগ লোকের জন্য ইহার কোনটিই হইয়া উঠে নাই।